

বরিশালে কলেজ ছাত্রীর সম্মতহানির চেষ্টা, ১১ ছাত্রদের বিক্ষোভ

বরিশাল অফিস ও উজিরপুর থেকে সংবাদদাতা ১১ ছাত্রদের কয়েকজন ক্যাডার শিকারপুর শেরে-বাংলা ডিগ্রী কলেজের এক ছাত্রীর (১০ম পৃ: ৩২)

বরিশালে ছাত্রী

(৭ম পৃ: পর)

সম্মতহানির চেষ্টা করে বলে অভিযোগ পাওয়া গেছে। ১৪ দিন আগে এ ঘটনা ঘটলেও কলেজ কর্তৃপক্ষ ক্যাডারদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেনি। ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে এ ঘটনার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করে।

শহরের অন্তর্ভুক্ত দে কলেজের ছাত্র সোহেল দেওয়ান দীর্ঘদিন ধরে শিকারপুর কলেজের ওই ছাত্রীর কাছে প্রেম নিবেদন করলে সে তা প্রত্যাখ্যান করে। সোহেল প্রতিশোধ নেয়ার জন্য শিকারপুর কলেজের তার কয়েকজন বন্ধুর শরণাপন্ন হয়।

তার বন্ধুরা ৪ এপ্রিল কলেজ শেষে এই ছাত্রীকে একটি কক্ষে ডেকে নেয়। তার সাথে দুর্ভাবহার ও তার পরিধেয় বস্ত্র টেনে-হিচড়ে বিধ্বস্ত করার চেষ্টা করে। তবে ছাত্রীর প্রতিরোধের মুখে তা সম্ভব হয়নি। ঘটনাটি পরদিনই জানাজানি হয়ে যায়।

বৃদ্ধার অধ্যক্ষ এরশাদুল হক ঘটনার সত্যতা স্বীকার করেন। তিনি বলেন, ছাত্রীর চাচার কাছে বিচারের ভার দেয়া হয়েছে। চাচা জানান, এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেয়া হবে। তিনি বলেন, পূর্বেও এ কলেজের এক ছাত্রীর শুল্লিতহানির চেষ্টা করা হয়েছিল। তখন অভিযুক্ত ছাত্রকে বহিষ্কার করা হয়।